# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড
ঢাকা-১০০০

পসব্য/প্রকা/প্রশা-১০৮/২০২১-২২/১৬২৫ তারিখঃ ২৩/০১/২০২২ খ্রি.

জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।

বিষয়: করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে টিকা গ্রহণ ও টিকা সনদ সংরক্ষণ ।

করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগের ২১ জানুয়ারী ২০২২ তারিখের পত্র নম্বর-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৪১ এর (ঘ) এ বর্ণিত নির্দেশনা পরিপালনের নিমিত্তে প্রত্যেক কর্মকর্তা/ কর্মচারীকে সুরক্ষা ওয়েব সাইট হতে করোনা টিকার সনদ সংগ্রহপূর্বক স্ব স্ব কার্যালয়ে সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। ব্যাংকের যে সকল কর্মকর্তা/ কর্মচারী এখনো করোনা টিকা গ্রহণ করেননি তাদের তালিকা শাখা হতে সংগ্রহ করে আগামী ২৭ জানুয়ারী ২০২২ এর মধ্যে ওয়েব লিংকে এন্ট্রি করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৩। ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী ও আগত সেবাগ্রহীতাদের অফিসে এবং অফিসের বাইরে সকল জায়গায় অবশ্যই মাস্ক পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।

২৩/০১/২০২২
(দীপংকর রায়)
মহাব্যবস্থাপক

অনুলিপি : অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৩. স্টাফ অফিসার টু উপব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৪. সহকারী প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়। ( ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ )।
৪. কর্মকর্তা/কর্মচারীবৃন্দ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়: সংশ্লিষ্টকর্মকর্তা/কর্মচারীর টিকার সনদ ২৫/০১/২০২২ তারিখের মধ্যে জনাব মো: তানভীর হাসান মজুমদার, সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয় এর নিকট জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
৫. ব্যবস্থাপক, সকল শাখা,পল্লী সঞ্চয় ব্যাংক: তাদের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের টিকার সনদ শাখা কার্যালয়ে সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
৪. অফিস নথি/মহানথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা
www.cabinet.gov.bd

০৭ মাঘ ১৪২৮

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৪১ তারিখ: ......................
২১ জানুয়ারি ২০২২

**বিষয়: করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তাররোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৩১ তারিখ: ১০.০১.২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের অনুবৃত্তিক্রমে আজ ২১ জানুয়ারি ২০২২ তারিখ হতে সার্বিক কার্যাবলি/চলাচলে নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হলো:

ক. ২১ জানুয়ারি ২০২২ থেকে আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত সকল স্কুল, কলেজ ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে;

খ. বিশ্ববিদ্যালয়গুলো নিজ নিজ ক্ষেত্রে অনুরূপ ব্যবস্থা গ্রহণ করবে;

গ. সামাজিক/রাজনৈতিক/ধর্মীয়/রাষ্ট্রীয় অনুষ্ঠানে ১০০-র বেশি জনসমাবেশ করা যাবে না। এসব ক্ষেত্রে যারা যোগদান করবে তাদের অব্যশই টিকা সনদ/২৪ ঘন্টার মধ্যে পিসিআর সার্টিফিকেট আনতে হবে।

ঘ. সরকারি/বেসরকারি অফিস, শিল্প কারখানাসমূহে কর্মকর্তা/কর্মচারীদের টিকা সনদ গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে দায়িত্ব বহন করবেন;

ঙ. বাজার/শপিং মল, মসজিদ, বাসস্ট্যান্ড, লঞ্চঘাট, রেলস্টেশনসহ সবধরণের জনসমাবেশে অবশ্যই মাস্ক ব্যবহারসহ যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে; এবং

চ. বিষয়টি স্থানীয় প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মনিটর করবে।

০২। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১.০১.২০২২

(মোঃ সাব্বিরুল ইসলাম)
যুগ্মসচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৯৫১৪৪২৬

**১. সিনিয়র সচিব/সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ**
**২. বিভাগীয় কমিশনার (সকল)**

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
৩. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/বাংলাদেশ কোস্ট গার্ড/বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৫. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর (নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
৬. জেলা প্রশাসক (সকল)
৭. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৩

তারিখ ঃ ০৯ মাঘ ১৪২৮
২৩ জানুয়ারি ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি অনুসরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক অনুসরণের জন্য নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

০১। আপনাদের ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের টিকা সনদ গ্রহণ করতে হবে; এবং

০২। ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী ও আগত সেবাগ্রহীতাদের আবশ্যিকভাবে মাস্ক পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৩